

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১১৫৬

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১০৫. যোহরের ফরয সালাতের পূর্বের চার রাক'আত সম্পর্কে।

بَابِ مَا جَاءَ فِي الْأَرْبَعِ الرَّكَعَاتِ قَبْلَ الظُّهْرِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ قَابُوسَ، عَنْ أَبِيهِ، قَالَ أَرْسَلَ أَبِي إِلَى عَائِشَةَ أَى صَلَاةِ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ كَانَ أَحَبَّ إِلَيْهِ أَنْ يُوَاظِبَ عَلَيْهَا قَالَتْ كَانَ يُصلِي الله عليه وسلم ـ كَانَ أَحَبَّ إِلَيْهِ أَنْ يُوَاظِبَ عَلَيْهَا قَالَتْ كَانَ يُصلِي اللهُ عَلِيهِ وَسلم لَا يَعْفِنَ الرَّكُوعَ وَالسُّجُودَ .

বাংলা

১/১১৫৬। কাবৃস (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমার পিতা আমাকে আয়িশাহ (রাঃ) এর নিকট জানতে পাঠান যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন্ সালাত (নামায/নামাজ) নিরবিচ্ছিন্নভাবে পড়তে পছন্দ করতেন? তিনি বলেন, তিনি যোহরের পূর্বে চার রাকআত সালাত দীর্ঘক্ষণ দাঁড়িয়ে পড়তেন এবং তার রুকু-সিজদাসমূহ উত্তমরূপে আদায় করতেন।

English

It was narrated from Qabus that his father said:

"My father sent word to 'Aishah, asking which prayer the Prophet (ﷺ) most liked to perform regularly. She said: 'He used to perform four Rak'ah before the Zuhr, in which he would stand for a long time and bow and prostrate perfectly.'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আহমাদ ২৩৬৪৪

তাহকীক আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: সহীহ তারগীব ৫৮৬। উক্ত হাদিসের রাবী কাবুস সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন ও ইয়াকুব বিন সুফইয়ান সিকাহ বলেছেন। ইবনু আদী বলেন, আমি আশা করি তার মাঝে



কোন সমস্যা নেই। ইয়াহইয়া বিন মাঈন তাকে হাদিস বর্ণনায় দুর্বল বলেছেন। আহমাদ বিন হাম্বল বলেন, কোন সমস্যা নেই।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ কাবূস ইবন আবুল মুখারিক (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন